

## বাংলার উৎসব

বাঙালি উৎসব প্রিয় জাতি। এমনিতেই একটা প্রবাদ আছে --‘বারো মাসে তেরো পার্বণ।’ আসলে উৎসব মানে আনন্দ আর প্রাণের মুক্তি। নানা ধরনের উৎসব আমাদের সমাজে প্রচলিত। যেমন -- ধর্মীয় উৎসব, সামাজিক উৎসব, ঋতু উৎসব, জাতীয় উৎসব ইত্যাদি। ধর্মীয় উৎসবগুলি হল -- দুর্গাপূজা, ঈদ, মহরম, দোল, রথযাত্রা, বুলন ইত্যাদি। ঋতু উৎসবগুলি হল -- পয়লা বৈশাখ, নবান্ন, পৌষপার্বণ ইত্যাদি। সামাজিক উৎসবগুলি হল রাখিবন্ধন, ভাইফোঁটা, জামাইষষ্ঠি ইত্যাদি। অন্যদিকে স্বাধীনতা দিবস, বিভিন্ন মনীষীদের জন্মদিবস পালন, প্রজাতন্ত্র দিবস ইত্যাদি হল জাতীয় উৎসব। উৎসব মানে যাবতীয় দুঃখবেদনা, ভেদাভেদ ভুলে অনাবিল আনন্দধারায় ডুবে যাওয়া। উৎসব সামাজিক ক্ষেত্রে মিলন ক্ষেত্রে রূপান্তরিত করে। শুধু আনন্দই নয়, আদান-প্রদানের মাধ্যমে আমাদের সংস্কৃতি সমৃদ্ধ হয়। সুতরাং, উৎসবের সামাজিক মূল্য অপরিসীম। বাংলার বারো মাসে তেরো পার্বণগুলি বাঙালির নিজের জীবনের পরিচয়কেই বহন করে চলেছে।